

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) কর্তৃক নবনির্মিত চন্দ্রঘোনা হতে খাগড়াছড়ি পর্যন্ত ৮০ কিঃমিঃ ১৩২ কেভি সঞ্চালন লাইন আগামীকাল ৩ এপ্রিল ২০১৮, মঙ্গলবার, বেলা ১১:০০ ঘটিকায় ১,৩২,০০০ (এক লক্ষ ত্রিশ হাজার) ভোল্টেজ দ্বারা চালু করা হবে। চালুর পর হতে লাইনটি বিদ্যুতায়িত থাকবে। লাইনটি চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার ইসলামপুর ইউনিয়নের নিশ্চিন্তপুর, রাঙ্গামাটি জেলার কাপ্তাই উপজেলার চন্দ্রঘোনা, হরিণগোদা, ধর্মগোদা, বগাপাড়া, মগাপাড়া ও কেয়াংপাড়া, কাউখালী উপজেলার ঘাগড়া, রাঙ্গামাটি সদর উপজেলার সাপছড়ি, যৌথখামার, মানিকছড়ি ও শুরুরছড়ি, নানিয়ারচর উপজেলার ঘিলাছড়ি, বগাছড়ি, আঠার মাইল, কেংগালছড়ি ও বেতছড়ি এবং খাগড়াছড়ি জেলার মহালছড়ি উপজেলার মহালছড়ি, চোংড়াছড়ি, কাটাপাহাড়, মাইসছড়ি, গামারীঢালা, বিজিতলা ওনুনছড়ি, খাগড়াছড়ি সদর উপজেলার গোলাবাড়ী, ঠাকুরছড়া ও তৎসংলগ্ন এলাকার উপর দিয়ে অতিক্রম করেছে।

দূর্ঘটনা এড়াতে জনসাধারণকে উক্ত সঞ্চালন লাইনের টাওয়ারে আরোহন, গবাদি পশু বাঁধা, রশি বেঁধে কাপড় শুকানো প্রভৃতি ঝুঁকিপূর্ণ কাজ হতে বিরত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। সকলকে উক্ত ১৩২ কেভি লাইন ও টাওয়ারসমূহ হতে নিরাপদ অর্থ্যাৎ লাইনের উভয়পার্শ্বে ১৫ মিটার দূরত্বে থাকতে বলা হচ্ছে।

এ বিজ্ঞপ্তি প্রকাশের পর কেউ সঞ্চালন লাইন ও টাওয়ারের কারণে দূর্ঘটনার শিকার হলে “পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ” দায়ী থাকবে না।

প্রকৌশলী মোঃ শফিউল্লাহ

প্রকল্প পরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী

১৩২ কেভি গ্রীড নেটওয়ার্ক ডেভেলপমেন্ট প্রজেক্ট ইন ইষ্টার্ন রিজিয়ন